গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
আইসিটি সেল

বিষয়: ইনোভেশন বিষয়ে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে ২১-০৮-২০১৯ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	খুরশীদ আলম যুগ্ম সচিব
সভার তারিখ	২১-০৮-২০১৯ তারিখ
সভার সময়	বেলা ০৩:০০ ঘটিকা
স্থান	বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ ৭০৮-৭১০
উপস্থিতি	১) যুগ্ম সচিব,(বেওবি), বস্ত্র ও পাট মন্ত্রণালয় ২) উপসচিব, বস্ত্র-৩, বস্ত্র ও পাট মন্ত্রণালয় ৩) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, বস্ত্র ও পাট মন্ত্রণালয় ৪) প্রোগ্রামার, আইসিটি সেল, বস্ত্র ও পাট মন্ত্রণালয় ৫) সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, বস্ত্র ও পাট মন্ত্রণালয়

সভাপতি ২০১৯-২০ অর্থ বছরে ইনোভেশন টিমের প্রথম সভায় সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতি স্বাগত বক্তব্যে জানান,গত ০১/০৭/১৯ তারিখ মন্ত্রিপরিষদ বিভাগে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ প্রেরণ করা হয়েছ। বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের মূল্যায়ন প্রতিবেদন ও প্রমাণক সমূহ মন্ত্রিপরিষদ বিভাগ নিবিড়ভাবে পর্যালোচনা করে মন্ত্রণালয়ের মূল্যায়ন করে থাকে। ২০১৯-২০ অর্থ বছরে মন্ত্রণালয়ের ইনোভেশন কার্যক্রম সমূহ বাস্তবায়নে আরোও সচেতন হওয়া প্রয়োজন এবং কার্যক্রম গ্রহণের সাথে সাথে উপযুক্ত প্রমাণক সমূহ সংরক্ষন করা প্রয়োজন। প্রথম সভায় উদ্ভাবনী উদ্যোগ/ধারণাসমূহ, উদ্ভাবনী কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয়। আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:-

ক্রঃনং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
ক)	উদ্ভাবনী কর্মপরিকল্পনার বাস্তবায়ন	মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ বাস্তবায়নের লক্ষ্যে প্রথম অর্ধ-বার্ষিক এ যে সকল লক্ষ্যমাত্রা অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়ন করা প্রয়োজন তার একটি তালিকা তৈরী করে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।	প্রথম অর্ধবার্ষিক এর জন্য বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ বাস্তবায়নের অগ্রাধিকার তালিকা প্রস্তুত করতে হবে	মন্ত্রণালয়ের ইনোভেশন টিম।
খ)	স্বীয় দপ্তরের সেবায় উদ্ভাবনী ধারণা/ উদ্যোগ আহবান, যাচাই-বাছাই-সংক্রান্ত কার্যক্রম	উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহবান এবং প্রাপ্ত উদ্ভাবনীধরণাগুলোযাচাই-বাছাইপূর্বক তালিকা প্রস্তুতের লক্ষ্যে মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তাদের নিকট হতে উদ্ভাবনী ধারণা/ উদ্যোগ আহবান করা যেতে পারে।	আগামী ২৯/০৮/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহবান করে মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তাদের নিকট পত্র প্রেরণ করতে হবে।	মন্ত্রণালয়ের ইনোভেশন টিম।

২। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

খুরশীদ আলম

যুগ্ম সচিব

স্মারক নম্বর: ২৪.০০.০০০০..১২৩.৯৯.০০১.১৭.৭৭

তারিখ: ১২ ভাদ্র ১৪২৬
২৭ আগস্ট ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) যুগ্ম সচিব, অতিরিক্ত সচিব (বেওবি), বস্ত্র ও পাট মন্ত্রণালয়

২) উপসচিব, বস্ত্র-৩, বস্ত্র ও পাট মন্ত্রণালয়

৩) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, বস্ত্র ও পাট মন্ত্রণালয়

৪) প্রোগ্রামার, আইসিটি সেল, বস্ত্র ও পাট মন্ত্রণালয়

মোঃ নাসির উদ্দিন
সহকারী প্রোগ্রামার